বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন ঃ ০২-৯৫৫১৬৩০
ফ্যাক্স ঃ ০২-৯৫৬১২১১

## রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০১৭ তারিখ ঃ ০৫-০১-২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণদান কর্মসূচীর ঋণের সিলিং বর্ধিতকরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে হিসাব পরিপত্র নং ০৭/২০০৭ তারিখ ২৯-০৮-২০০৭, ডিএমডি-১ পরিপত্র নং ১১/২০০৮ তারিখ ২০-১০-২০০৮ এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৭/২০১০ তারিখ ০২-১২-২০১০ ইং এবং ডিএমডি-০২/পিপিডি/পরিপত্র নং ০৪/২০১৩ তারিখ ২৫-০৩-২০১৩ ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণদান কর্মসূচীর ঋণের সিলিং বর্ধিতকরণের বিষয়ে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সুপারিশের প্রেক্ষিতে বিগত ২৯-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৬৭৬তম সভায় প্রস্তাব উপস্থাপিত হলে পর্ষদ ঋণ কর্মসূচীর নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধনের প্রস্তাব সদয় অনুমোদন দেয়া হয় ঃ

| ক্রঃ নং | বিদ্যমান নীতিমালা | ক্রঃ নং | পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা |
|---|---|---|---|
| ০১। | **ঋণের সিলিং ঃ**<br>সর্বোচ্চ ৩ বছরের মূল বেতনের সমপরিমান অনূর্ধ ২,০০,০০০/- টাকা। | ০১। | **ঋণের সিলিং ঃ**<br>সর্বোচ্চ ৩ বছরের মূল বেতনের সমপরিমান অনূর্ধ ৪,০০,০০০/- টাকা। |
| ০২। | **ঋণ পরিশোধের সময় ঃ**<br>ঋণ বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ৩৬ মাস (গ্রেস পিরিয়ডসহ)। | ০২। | **ঋণ পরিশোধের সময় ঃ**<br>ঋণ বিতরণের পরবর্তী মাস হতে শুরু করে সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ)টি মাসিক কিস্তিতে ঋণ (সুদ ও আসল) পরিশোধযোগ্য। |
| ০৩। | **ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ**<br>চাকুরীর বয়স কমপক্ষে ৩(তিন) বছর হতে হবে এবং পিআরএল ছাড়া চাকুরীর মেয়াদ কমপক্ষে ৩(তিন) বছর থাকতে হবে। | ০৩। | **ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ**<br>চাকুরীর বয়স কমপক্ষে ৩(তিন) বছর হতে হবে এবং পিআরএল ছাড়া চাকুরীর মেয়াদ কমপক্ষে ৩(তিন) বছর থাকতে হবে। |

০২। এমতাবস্থায়, হিসাব পরিপত্র নং ০৭/২০০৭ তারিখ ২৯-০৮-২০০৭, ডিএমডি-১ পরিপত্র নং ১১/২০০৮ তারিখ ২০-১০-২০০৮ এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৭/২০১০ তারিখ ০২-১২-২০১০ ইং এবং ডিএমডি-০২/পিপিডি/পরিপত্র নং ০৪/২০১৩ তারিখ ২৫-০৩-২০১৩ ইং এর সংশ্লিষ্ট অনুচ্ছেদে উপরোক্ত সিদ্ধান্তসমূহ প্রতিস্থাপিত/সংযোজিত হবে। পরিপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। আশা করা যায়, এর ফলে এ কর্মসূচীর আওতায় ঋণ প্রবাহ বৃদ্ধি পাবে এবং ঋণ কার্যক্রমে আরও গতিশীলতা আসবে।

০৩। উল্লেখ্য, বিকেবি, প্রধান কার্যালয়, ক্রেডিট বিভাগ-১ এর পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১৪/২০১৬ তারিখ ২৫-০৭-২০১৬ খ্রিঃ অনুযায়ী এ ঋণের সুদের হার ০১-০৭-২০১৬ তারিখ হতে ১৩% - যা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে।

০৪। উক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫/০১/২০১৭
(মোঃ আফজাল করিম)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)
ফোন ঃ ০২-৯৫৭৮৪১০

সূত্র নং প্রকা/রুমাবি-২৯২/২০১৬-২০১৭/২৩৩ তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিপত্রটি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৬। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়/উপ-মহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়সমূহ।
১১। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১২। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৩। নথি/মহানথি।

০৫/০১/১৭
(মোঃ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-৯৫৫১৬৩০